দৈনিক ইত্তেফাক

তারিখ ..08 DEC 1989 ... ...
পৃষ্ঠা... ২ ... কলাম ... ৫ ...

০৫

## আগামীকাল শিক্ষা সম্পর্কিত দক্ষিণ ও মধ্য এশীয় আঞ্চলিক সম্মেলন শুরু

(ইত্তেফাক রিপোর্ট)

গতকাল (বৃহস্পতিবার) শিক্ষামন্ত্রী শেখ শহীদুল ইসলাম সচিবালয়ে এক প্রেস ব্রিফিংয়ে বলেন, সবার জন্য শিক্ষা শীর্ষক বিশ্ব

(১১শ পৃঃ দ্রঃ)

### সম্মেলন শুরু

(১ম পৃঃ পর)

সম্মেলনের প্রস্তুতি হিসাবে আগামীকাল (শনিবার) হইতে তিনদিনব্যাপী ঢাকায় দক্ষিণ ও মধ্য এশীয় আঞ্চলিক সম্মেলন অনুষ্ঠিত হইবে। সম্মেলনের উদ্বোধন করিবেন প্রেসিডেন্ট এরশাদ। তিনি বলেন, এই সম্মেলনে আফগানিস্তান, ইরান এবং সার্কভুক্ত ৭টি দেশসহ মোট ৯টি দেশের মন্ত্রী ও সচিব পর্যায়ের প্রতিনিধি দল অংশ গ্রহণ করিবেন। এই সম্মেলনের মাধ্যমে ১৯৯০ দশকে সবার জন্য শিক্ষার প্রয়োজন নিরিখে জাতীয় পর্যায়ে গৃহীত সমন্বিত প্রচেষ্টার উপর ভিত্তি করিয়া সম্ভাব্য সমন্বিত কৌশল উদ্ভাবন, আঞ্চলিক প্রেক্ষাপটে সবার জন্য শিক্ষার ন্যূনতম প্রয়োজন মিটানোর কলা-কৌশল সংক্রান্ত মত বিনিময় করা হইবে।